

বাংলাদেশ সুপ্রীম কোর্ট
হাইকোর্ট বিভাগ
বিচার শাখা
www.supremecourt.gov.bd

বিজ্ঞপ্তি নং-১৫/২০২৪

জে,

তারিখ: ২৩ জ্যৈষ্ঠ ১৪৩১ বঙ্গাব্দ
০৬ জুন ২০২৪ খ্রিষ্টাব্দ

বিষয়: উপজেলা পরিষদের সাধারণ নির্বাচন উপলক্ষে সংশ্লিষ্ট নির্বাচনি এলাকায় অবস্থিত সকল অধস্তন আদালত ও ট্রাইব্যুনালে ভোটগ্রহণের দিন অর্থাৎ আগামী ০৯ জুন ২০২৪ তারিখ রবিবার সাধারণ ছুটি ঘোষণা।

জনপ্রশাসন মন্ত্রণালয়ের বিধি-৪ শাখা কর্তৃক জারিকৃত ০৫ জুন ২০২৪ খ্রিষ্টাব্দ/২২ জ্যৈষ্ঠ ১৪৩১ বঙ্গাব্দ তারিখের ০৫.০০.০০০০.১৭৩.০৮.০২০.২৪.৭১ নং প্রজ্ঞাপনমূলে বাংলাদেশ নির্বাচন কমিশন সচিবালয়ের চাহিদা মোতাবেক ২১টি উপজেলা পরিষদের (সংযুক্ত তালিকা অনুযায়ী) সাধারণ নির্বাচন উপলক্ষে ভোটগ্রহণের দিন অর্থাৎ আগামী ০৯ জুন ২০২৪ তারিখ সংশ্লিষ্ট নির্বাচনি এলাকায় সাধারণ ছুটি ঘোষণা করা হয়েছে।

২। এমতাবস্থায়, পটুয়াখালী ও বগুড়া জেলার আদালত/ট্রাইব্যুনালসমূহ এবং খুলনা জেলার কয়রা ও পাইকগাছা, পটুয়াখালী জেলার মির্জাগঞ্জ, পিরোজপুর জেলার মঠবাড়ীয়া ও বরগুনা জেলার পাথরঘাটা চৌকি আদালতসমূহ নির্বাচনি এলাকায় অবস্থিত হওয়ায় উক্ত আদালত/ট্রাইব্যুনাল/চৌকি আদালতসমূহ ভোটগ্রহণের দিন অর্থাৎ আগামী ০৯ জুন ২০২৪ তারিখ রবিবার সাধারণ ছুটির আওতাভুক্ত থাকবে।

৩। উল্লেখ্য যে, বর্ণিত যেসকল জেলার সদর উপজেলায় অবস্থিত আদালত/ট্রাইব্যুনালসমূহ সাধারণ ছুটির আওতাভুক্ত থাকবে সেসকল জেলার কোনো চৌকি আদালত যদি নির্বাচনি এলাকার বাইরে অবস্থিত থাকে, সেসব চৌকি আদালত সাধারণ ছুটির আওতার বাইরে থাকবে।

স্বাক্ষরিত

(এসকে.এম. তোফায়েল হাসান)

রেজিস্ট্রার (বিচার)

হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট

ফোন: ০২২২৩৩৫৮৭৮০

E-mail: registrar.judicial@supremecourt.gov.bd


স্মারক নং- ১ জে-৪৪/১৫(অংশ-১)-৫৩৬২

জে,

তারিখ: ২৩ জ্যৈষ্ঠ ১৪৩১ বঙ্গাব্দ
০৬ জুন ২০২৪ খ্রিষ্টাব্দ

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। সচিব, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। জেলা ও দায়রা জজ, খুলনা/পটুয়াখালী/বগুড়া/পিরোজপুর/বরগুনা [সংশ্লিষ্ট সকলকে অবগত করার অনুরোধসহ]।
- ৩। বিচারক (জেলা জজ), নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনাল, পটুয়াখালী/১ ও ২, বগুড়া।
- ৪। বিশেষ জজ (জেলা জজ), বিশেষ জজ আদালত, পটুয়াখালী/বগুড়া।
- ৫। সদস্য (জেলা জজ), প্রশাসনিক ট্রাইব্যুনাল, বগুড়া।
- ৬। চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, পটুয়াখালী/বগুড়া।
- ৭। মাননীয় রেজিস্ট্রার জেনারেল মহোদয়ের একান্ত সচিব, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
- ৮। সিস্টেম এনালিস্ট, হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট (বাংলাদেশ সুপ্রীম কোর্টের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৯। গণসংযোগ কর্মকর্তা, বাংলাদেশ সুপ্রীম কোর্ট।
- ১০। অফিস কপি।



(শোভন শাহরিয়ার)

সহকারী রেজিস্ট্রার (বিচার)

ফোন: ০২২২৩৩৫৮৫৮৩।

E-mail: shovon.arjudicial@supremecourt.gov.bd